

১৫ জুনের মধ্যে জবির দুই হল খালি করার নির্দেশ প্রশাসনের

মামুন শেখ, জবি সংবাদদাতা

প্রকাশিত: ২১:৩৯, ২ জুন ২০২৫



ছবি: জনকপুর

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) পরিত্যক্ত দুটি হল—বাণী ভবন ও ড. হাবিবুর রহমান হলে বসবাসরত কর্মচারীদের জায়গা খালি করার নির্দেশ দিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

আজ সোমবার (২ জুন) বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার অধ্যাপক ড. মো. শেখ গিয়াস উদ্দিন স্বাক্ষরিত পৃথক দুইটি নোটিশে এ নির্দেশনা দেওয়া হয়। অফিস আগামী ১৫ জুনের মধ্যে জায়গা খালি করার নির্দেশ দেয়া হয়েছে।

নোটিশে বলা হয়েছে, উল্লিখিত ভবন দুটিতে শিগগিরই নির্মাণকাজ শুরু হবে। সেক্ষেত্রে নির্মাণ কাজ নিশ্চিত করতে এসব ভবনে অবস্থানরত কর্মচারীদের অন্যত্র সরে যাওয়ার নির্দেশ দেওয়া হলো।

বিশ্ববিদ্যালয় প্রশাসন সূত্রে জানা গেছে, এসব ভবনের স্থানে
শিক্ষার্থীদের জন্য অস্থায়ী আবাসিক হল নির্মাণের পরিকল্পনা
রয়েছে। আসন্ন টাঁদুল আজহার ছুটির পরপরই হল নির্মাণের
কাজ আনুষ্ঠানিকভাবে শুরু হবে। এর আগে বিশ্ববিদ্যালয়
প্রশাসন এই দুইটি হলের স্থলে অস্থায়ী দুইটি হল নির্মাণের সিদ্ধান্ত
নেয়।